

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৮০(আগরতলা-১৩।০৬)

বিলৌনীয়া, ১৩ জুন, ২০ ১৮

বিলৌনীয়ায় ৭৪ পরিবার ত্রাণ শিবিরে

প্রবল বর্ষণে বিলৌনীয়া মহকুমার বিভিন্ন জায়গায় বন্যা দেখা দিয়েছে। ইতিমধ্যেই পাঁচটি ত্রাণ শিবির খোলা হয়েছে। শিবিরগুলিতে এখনও ৭৪টি পরিবার রয়েছে। পরিবারগুলিকে চিড়া, গুড়, দুধ দেওয়া হয়েছে মহকুমা প্রশাসন থেকে। শিবিরগুলিতে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে। অসুস্থদের জন্য চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। বিলৌনীয়ার মহকুমা শাসক জানিয়েছেন ত্রাণ শিবির খোলা হয়েছে টাউন অঙ্গনওয়াড়ি কেন্দ্র, পশ্চিম কলাবাড়িয়া অঙ্গনওয়াড়ি কেন্দ্র, দক্ষিণ ভারতচন্দ্রনগর অঙ্গনওয়াড়ি কেন্দ্র, মামনি স্মৃতি অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং রাজীব গান্ধী সেবা কেন্দ্রে।
